# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

বিষয় কোড: | ১ | ০ | ১ |

বাংলা প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য:— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম দুটি, কবিতাংশ থেকে ন্যূনতম দুটি, উপন্যাস থেকে ন্যূনতম একটি ও নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ — গদ্য

১.▶ 'ঐ যে মুক্তিফৌজের গেরিলা তৎপরতার কথা বলল-ঢাকার 'ব' জায়গায় গ্রেনেড ফেটেছে, আমরা তো সাত-আটদিন বিশ্বাস করিনি। ব্যাপারটা তাহলে সত্যি? সত্যি-সত্যি তাহলে আনাচে-কানাচে মুক্তিফৌজের গেরিলারা প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ জ্বালাতে শুরু করেছে।'

ক. 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ কী? ১

খ. প্রিন্সিপ্যাল শহীদ মিনারকে পাকিস্তানের কাঁটা বলেছেন কেন? ২

গ. বোমা ফাটার সত্যতা 'রেইনকোট' গল্পের কোন বাস্তবতা ফুটিয়ে তুলেছে? আলোচনা করো। ৩

ঘ. মুক্তিযোদ্ধাদের গেরিলা তৎপরতাই পাকসেনাদের মেরুদণ্ডে বড় ধরনের প্রত্যাঘাত হেনেছিল।"— উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে কথাটির সত্যতা নিরূপণ করো। ৪

২.▶ "তবু বড় বয়সের মেয়ের সঙ্গে বাবা যে আমার বিয়ে দিলেন তাহার কারণ, মেয়ের বয়স বড় বলিয়াই পণের অঙ্কটাও বড়। শিশির আমার শ্বশুরের একমাত্র মেয়ে। বাবার বিশ্বাস ছিল কন্যার পিতার সমস্ত টাকা ভাবী জামাতার ভবিষ্যতের গর্ভ পূরণ করিয়া তুলিতেছে।"

ক. 'অপরিচিতা' গল্পটি প্রথম কোন গ্রন্থে প্রকাশিত হয়? ১

খ. 'প্রমাণ হইয়া গেছে আমি কেহই নই'— কী সেই প্রমাণ? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের পিতার সঙ্গে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. উদ্দীপকটি 'অপরিচিতা' গল্পের বিশেষ একটি দিকই নির্দেশ করে, পুরো বিষয়কে নয়।"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩.► ধর্ম যার যার রাষ্ট্র সবার। হিন্দু, মুসলিম, বৌদ্ধ খ্রিষ্টান বলে আলাদা কিছু নেই। জাতি হিসেবে আমাদের পরিচয়, আমরা বাঙালি। এখানে শারদীয় দুর্গোৎসবে যেমন হিন্দু মুসলমান সবাই একত্রিত হয়, তেমনি ঈদ কোরবানিতে সবাই অংশগ্রহণ করে। বাঙালির নববর্ষ উদ্‌যাপনও এমনই একটি উৎসব।

ক. বৃদ্ধাকে কোথায় কবর দেওয়া হয়েছিল? ১

খ. বুড়ি কোন ঘটনায় একটু দমে গিয়েছিল? ২

গ. উদ্দীপকে 'আহ্বান' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'আহ্বান' গল্পের সমগ্র ভাব প্রকাশ পায়নি— বিশ্লেষণ করো। ৪

৪.► ১৯৭১ সালে দেশকে স্বাধীন করার জন্য যুদ্ধে যেতে চায় বুমী। বুমীর মা প্রথমে তাকে বাধা দিয়ে পড়াশোনায় মনোযোগী হতে বলেন। কিন্তু বুমী তার আদর্শ থেকে সরে আসতে নারাজ। তাই সে বলে পড়াশোনা শিখে হয়তো বড় হতে পারব কিন্তু দেশের এই দুর্যোগময় মুহূর্তে যদি যুদ্ধে না যাই, তবে কোনো দিনও দেশের সামনে মাথা উঁচু করে দাঁড়াতে পারব না। মায়ের অনুমতিতে যুদ্ধে যায় বুমী। যুদ্ধ শেষে বুমী ভীষণ আহত হয়ে প্রায় অর্ধমৃত অবস্থায় বাড়ি ফিরলে তাকে দেখে তার মা বাবা কান্নায় ভেঙে পড়েন; বিলাপ করতে থাকেন।

ক. শেখ মুজিব কখন ফরিদপুর পৌঁছেছিল? ১

খ. শেখ মুজিবের নাশতা করতে যাওয়ার উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বুমীর মধ্যে 'বায়ান্নর দিনগুলো' রচনার শেখ মুজিবুর রহমান চরিত্রের কোন বৈশিষ্ট্য খুঁজে পাওয়া যায়? ৩

ঘ. উদ্দীপকের বুমীর পরিবার ও 'বায়ান্নর দিনগুলো' রচনার শেখ মুজিবুর রহমানের পরিবারের মানুষগুলোকে একসূত্রে গাঁথা যায় কি? যুক্তিসহ তা আলোচনা করো। ৪

https://teachingbd24.com

## খ অংশ — পদ্য

৫. ▶ "পথিক বলেন, আমার হাতে বেদ, আমি হিন্দু
সহযাত্রী কন, আমার হাতে কোরান, এ যে জ্ঞানসিন্ধু।
সঙ্গীটি বলেন, আমি মনে প্রাণে বাইবেলের রক্ষক,
অপরজন কন, আমার হাতে মহাপবিত্র গ্রন্থ ত্রিপিটক।
সকলের হাতে পৃথক পৃথক ধর্মগ্রন্থগুলো,
কে উত্তম, কে মধ্যম, কে অধম বলো?

ক. কোথায় বসে বাঁশির কিশোর গাহিলেন মহাগীতা? ১

খ. এইখানে বসে সকল রাজমুকুট লুটাইয়া পড়ে কেন? ২

গ. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ৩

ঘ. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার মূলসুর ধারণ করে না— বিশ্লেষণ করো। ৪

৬. ▶ দুর্গাপূজায় প্রতিমা বিসর্জনের সময় মারামারির কারণে মুন্সিপাড়ার লোকজন এখন আর ঋষিপাড়ায় যাতায়াত করে না। ডোনাল্ড ট্রাম্প আমেরিকার প্রেসিডেন্ট হওয়ার পরে তিনি সেদেশে সাতটি মুসলিম দেশের নাগরিকদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেন। ভারতে বাবরি মসজিদ ভেঙে সেখানে মন্দির করে হিন্দুরা। এভাবে সারাবিশ্ব আজকে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এক অশুভ প্রতিযোগিতায় নেমে পড়েছে।

ক. 'সেই অস্ত্র' কবিতায় কবি ভালোবাসাকে কী করতে বলেছেন? ১

খ. "পৃথিবীর যাবতীয় অস্ত্র হবে আনত"— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'সেই অস্ত্র' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ৩

ঘ. উদ্দীপকের বক্তব্য কবি আহসান হাবীবের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে— 'সেই অস্ত্র' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৭.▶ "কেঁচো কয়, নীচ মাটি কালো তার রূপ
কবি তারে রাগ করে বলে, চুপ চুপ
তুমি যে মাটির কীট, খাও তারি রস,
মাটির নিন্দায় বাড়ে তোমার কি যশ!"

ক. কাকে 'বাসবত্রাস' বলা হয়েছে? ১

খ. 'গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি'— চরণটি ব্যাখ্যা করো। ২

গ. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন বিষয়টি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার একটি বিশেষ দিক প্রতিফলিত হয়েছে— বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ সড়কের পাশে পুরাতন একটি কবরকে মাজার বানিয়ে জমজমাট ব্যবসায় চালিয়ে যাচ্ছে বদর। কবরটিকে মাজারে রূপান্তরিত করার ঘটনাটি ছিল বেশ নাটকীয়। একদিন একটি যাত্রীবাহী বাস কবরটির পাশে সামান্য ধাক্কা লেগে থেমে যায়। ঠিক তখন কবরের পাশে দাঁড়ানো বদর ড্রাইভারকে ধমকে বলে, "জটাধারী বাবার সাথে বেয়াদবি! সামনে তোর জন্য মহাবিপদ অপেক্ষা করছে। বাঁচতে চাইলে বাবার দরবারে যার যা আছে ফেলে যা।" মুহূর্তের মধ্যে বাসের জানালা দিয়ে কবরের পাশে বৃষ্টির মতো পড়তে লাগলো দশ টাকা, বিশ টাকা এবং একশ টাকার নোট।

ক. মহব্বতনগরে কার একটি মক্তব ছিল? ১

খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ"— মন্তব্যটি বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে বর্ণিত মাজার প্রতিষ্ঠার ঘটনাটি 'লালসালু' উপন্যাসের কোন ঘটনার অনুরূপ? বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের বদর-এর সঙ্গে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্র সাদৃশ্যপূর্ণ? আলোচনা করো। ৪

https://teachingbd24.com

৯.▶ ১৯৭১ সাল। সারাদেশে পাকবাহিনীর বর্বরতা চলছে। মিলিটারিরা কাতারবন্দি করে ব্রাশফায়ার করে একসাথে মেরে ফেলছে অনেক মানুষ। বাড়িঘর জ্বালিয়ে দিচ্ছে। ঘুমন্ত মানুষের ওপর গুলি করছে। বেঁচে থাকার তাগিদে তাই ঘরবাড়ি ছেড়ে অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুঁটছে। মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাট্রি, হাতে হ্যারিকেন। কোমরে বাচ্চা। চোখে মুখে কী এক অস্থির আতঙ্ক। কথা নেই। মৌন সবাই।

ক. করিমগঞ্জ হাসপাতালে ব্যথায় কে গোঙায়? ১

খ. "যেন বিশাল সূর্যোদয়ে প্রদীপের আলো ম্লান হয়ে গেছে'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের কোন দিকটির সাদৃশ্য রয়েছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদৃশ্য থাকলেও প্রেক্ষাপট ভিন্ন— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস অবলম্বনে মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০.▶ দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকে দুর্ধর্ষ মুসলিম চরিত্র তোরাপ। এই দুর্ধর্ষতা সামাজিক অসঙ্গতির বিরুদ্ধে, সমাজপতিদের অন্যায়ও অনাচারের বিরুদ্ধে। সে গরিব কৃষক, সাম্যবাদী ও পরোপকারী মানুষ। নবীন মাধবের জন্য প্রাণ উৎসর্গ করতে সে প্রস্তুত। তাই নবীন মাধবের সব ধরনের সাহসী কাজে সে দুঃসাহসের সঙ্গে সঙ্গী হয়। সাম্প্রদায়িক ভেদাভেদ তার দৃষ্টিতে ছিল না বলে তার প্রতিজ্ঞা শেষ পর্যন্ত সে রক্ষা করেছে নবীন মাধবের সঙ্গী হয়ে।

ক. ইংরেজরা সিরাজের আদেশ অমান্য করে কাকে আশ্রয় দিয়েছিল? ১

Teachingbd24.com

খ. ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব— কে উক্তিটি করেছিলেন এবং কেন? ২

গ. উদ্দীপকের তোরাপ চরিত্রের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে তোরাপ ও সাদৃশ্যপূর্ণ চরিত্রের মধ্যে দেশপ্রেমের প্রকাশ ঘটেছে— 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মন্তব্যটি বিচার করো। ৪

১১. ▶ মুক্তিযুদ্ধের একজন মহান বীর নৌ-সৈনিক রুহুল আমিন। তিনি ছিলেন যুদ্ধজাহাজ 'পলাশ'-এর ইঞ্জিন রুমের আর্টিফিসিয়ার। মুক্তিযুদ্ধে তাঁর অসামান্য আত্মত্যাগ তাঁকে বাঙালি হৃদয়ে চিরপ্রতিষ্ঠিত করে রেখেছে। মুক্তিযুদ্ধের একেবারে শেষ দিকে তাঁর রণতরী 'পলাশ' যখন খুলনার দিকে এগোচ্ছিল পাকিস্তানিদের নৌঘাঁটি দখল করতে, তখন জঙ্গিবিমানের গোলাবর্ষণে ধ্বংস হয় 'পলাশ'। মৃত্যুর পূর্বমুহূর্তেও রুহুল আমিন যুদ্ধ করেছেন, নিজেকে বাঁচানোর কোনো চেষ্টা করেননি। গোলার আঘাতে 'পলাশ' যখন জ্বলছে দাউ দাউ করে, তখন তিনি ঝাঁপ দিলেন নদীতে। তীরে অপেক্ষমাণ নরঘাতক ঘৃণ্য রাজাকারেরা তাঁকে আহত অবস্থায় নির্মমভাবে হত্যা করে। রুহুল আমিন শহিদ হলেন, বেঁচে রইলেন চিরকাল আমাদের অন্তরে।

Teachingbd24.com

ক. সিরাজউদ্দৌলার ঘাতকের নাম কী? ১

খ. পলাশীর যুদ্ধে সিরাজের পরাজয়ের কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের রাজাকাররা 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতীক? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের রুহুল আমিন ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলাকে অসামান্য আত্মত্যাগের কারণেই বাঙালি হৃদয়ে চিরপ্রতিষ্ঠিত করেছে।" মন্তব্যটি যাচাই করো। ৪

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ **বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'না, আমরা গাড়ি ছাড়িব না।'— কথাটি কল্যাণী কোন ভাষায় বলেছিল?
ক) ইংরেজি খ) উর্দু
গ) বাংলা ঘ) হিন্দি

২. লেখক তৃতীয়বার গ্রামে এসেছিল দ্বিতীয়বার আসার কতদিন পরে?
ক) এক-দুই মাস খ) দুই-তিন মাস
গ) তিন-চার মাস ঘ) পাঁচ-ছয় মাস

৩. চন্দনের ডালে বনচারী বাতাসের সাথে কী দোল খায়?
ক) সুপারির পাতা খ) পানলতা
গ) বুনো ঝোপ ঘ) সাদা পাখি

গাহি সাম্যের গান/মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহিয়ান/নাই দেশ কাল পাত্রের ভেদ, অভেদ ধর্ম জাতি/সব দেশে সব কালে ঘরে ঘরে/তিনি মানুষের জাতি। উদ্দীপকের আলোকে ৪ নং প্রশ্নের উত্তর দাও।

৪. উদ্দীপক ও 'সাম্যবাদী' কবিতার প্রতিপাদ্য বিষয় হলো—
i. মানবিকতাবোধ
ii. মনুষ্যত্বের জয়গান
iii. ধর্মের ভেদাভেদহীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. কোন পাড়ায় অবিশ্রান্ত ঢোল বাজে?
ক) ডোম পাড়ায় খ) মুচি পাড়ায়
গ) কামার পাড়ায় ঘ) কুমোর পাড়ায়

৬. অনুভূতির চক্ষুকে বড় করে তুললে কী সহজে উপলব্ধি করা যায়?
ক) ফুল ফোটার বেদনা খ) জীবনের বিকাশ
গ) ফুল ফোটার দৃশ্য ঘ) বৃক্ষের বেদনা

৭. 'লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে'— পংক্তিটির গভীরে লুকায়িত আছে—
i. ঘৃণা
ii. প্রতিজ্ঞা
iii. আত্মবিশ্বাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. 'সিরাজউদ্দৌলা' নাটকের ১ম অঙ্কের ৩য় দৃশ্য কোথায় সংঘটিত হয়েছে?
ক) নবাবের দরবার খ) মিরনের আবাস
গ) ঘসেটি বেগমের বাড়ি
ঘ) কলকাতার ভাগীরথী নদীতে

নিচের উদ্দীপকের আলোকে ৯নং প্রশ্নের উত্তর দাও।
সারাদিন চেষ্টা করেও সুখলাল মাঝি চাল ছাড়া খাবারের জন্য আর কিছু জোগাড় করতে পারেনি। তাই দিন শেষে শুধু ভাতেই লবণ মেখে খেতে হয়েছে তাকে ও তার পরিবারকে।

৯. উদ্দীপকের সুখলাল মাঝির সঙ্গে কোন অঞ্চলের কৃষকদের সাদৃশ্য রয়েছে?
ক) উড়িষ্যা খ) আসাম
গ) বিহার ঘ) বঙ্গদেশ

১০. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি কার উদ্দেশ্যে উৎসর্গিত হয়েছে?
ক) আহমদ শরীফ
খ) কবীর চৌধুরী
গ) শামসুর রাহমান
ঘ) আবু হেনা মোস্তফা কামাল

১১. কৈলেশ আড়চোখে আহ্লাদির দিকে তাকায় কেন?
ক) মাসি-পিসিকে সমীহ করতে
খ) মাসি-পিসিকে ভয় পেয়ে
গ) ফাঁপরে পড়ে ঘ) আহ্লাদির রূপ-সৌন্দর্য লুকিয়ে দেখতে

১২. 'গর্ভবতী বোনের মৃত্যুর কথা বলছি'— এর পরের লাইন কোনটি?
ক) ভালোবাসা দিলে মা মরে যায়
খ) যুদ্ধ আসে ভালোবেসে
গ) মায়ের ছেলেরা চলে যায়
ঘ) আমি আমার ভালোবাসার কথা বলছি

উদ্দীপকের আলোকে ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
শিউলি নিঃসন্তান বলে সে তার স্বামীকে পীরের কাছে যেতে অনুরোধ করে। পীরভক্ত শিউলীর স্বামী শিউলীর অনুরোধ উপেক্ষা করতে পারে না।

১৩. উদ্দীপকে শিউলীর সঙ্গে উপন্যাসের আমেনার যে বিষয়টিতে মিল রয়েছে —
i. পীরের ওপর অগাধ বিশ্বাস
ii. বন্ধ্যাত্ব
iii. মাতৃ আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কীসের প্রতিফলন ঘটেছে?
ক) মানবজাতির বিপর্যয়ের
খ) বৈশ্বিক সংকটের
গ) লেখকের জীবনদৃষ্টির
ঘ) পিঁপড়ার তাৎপর্যের

teachingbd24.com

১৫. 'কিন্তু মহাপরক্রমশালী নবাব সে অধিকারটুকুও আমাকে দিলেন না'।— এখানে ঘসেটি বেগমের কোন অধিকারকে বোঝানো হয়েছে?
ক আপন বিত্ত ভোগের অধিকার
খ মাতৃত্বের অধিকার
গ শওকত জঙ্গাকে নবাব করার অধিকার
ঘ সিংহাসনের অধিকার

১৬. সিভিল সার্জন ফরিদপুর জেলে মুজিবকে দিনের মধ্যে কতবার দেখতে আসতেন?
ক দুই-তিন বার　খ তিন-চার বার
গ পাঁচ-ছয় বার　ঘ পাঁচ-সাত বার

১৭. 'পরাণের গহীন ভিতর' কী জাতীয় গ্রন্থ?
ক গল্প গ্রন্থ　খ কাব্যগ্রন্থ
গ উপন্যাস গ্রন্থ　ঘ প্রবন্ধ গ্রন্থ

১৮. মাদাম লোইসেল নিজেকে কীরূপে দেখার জন্য আয়নার সামনে দাঁড়াল?
ক গৌরবমণ্ডিত রূপে
খ ঐশ্বর্যময়ী রূপে
গ হাস্যময়ী রূপে
ঘ সৌন্দর্যমূর্তি রূপে

কাজল বন্ধুদের সাথে বগুড়ার মহাস্থানগড় পরিদর্শনে গিয়েছিল। সেখানে গিয়ে সে প্রাচীন বৌদ্ধ সভ্যতা সম্পর্কে অবগত হলো। মৃৎশিল্পের কারুকার্য তার জানার পিপাসাকে আরও বাড়িয়ে তুলল।

উদ্দীপকের আলোকে ১৯ নং প্রশ্নের উত্তর দাও।

১৯. উদ্দীপকে কাজলের জানার পিপাসার কারণ ও 'জাদুঘরে কেন যাব' রচনায় মানুষের জাদুঘর দেখে আবেগপ্লুত হয়ে পড়ার কারণ—
i. এটি বৈচিত্রপূর্ণ
ii. এটি আনন্দদায়ক
iii. এটি কৌতূহলোদ্দীপক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২০. শামসুর রাহমানের প্রথম কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়?
ক দৈনিক মর্নিং এজ
খ দৈনিক বাংলা
গ সাপ্তাহিক সোনার বাংলা
ঘ দৈনিক দিন-কাল

২১. নীল বাংলার ঘাস আর ধানের ভিতরে কে জন্মেছে?
ক শঙ্খমালা
খ বিশালাক্ষী
গ হলুদ শাড়ি পরা রূপসী
ঘ লক্ষ্মীপেঁচা

২২. 'আরো রাখো রাখো' বলতে বলতে কত জন প্যাসেঞ্জার বাস থেকে নেমে পড়েছিল?
ক ১ জন　খ ২ জন
গ ৩ জন　ঘ ৪ জন

২৩. 'আমার পথ' প্রবন্ধের লেখক 'বিপথ' বলতে কোন পথকে বুঝিয়েছেন?
ক ধ্বংসের পথ　খ অহংকারের পথ
গ মিথ্যার পথ　ঘ সত্যের বিরোধী পথ

সঙ্গদোষে কৌশিক এক সময় নেশাগ্রস্থ হয়ে পড়লে সে অন্ধকার জীবনে ডুবে যেতে থাকে। কাব্য নামের তার অন্য আর এক সহপাঠীর পরামর্শ এবং পরিচর্যায় দিন দিন সে সুস্থ হয়ে ওঠে। এক সময় সে বুঝতে পারে এ জীবন অনেক সম্ভাবনাময়।

উদ্দীপকের আলোকে ২৪ নং প্রশ্নের উত্তর দাও।

২৪. উদ্দীপকের বক্তব্যের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণটির বক্তব্য সাদৃশ্যপূর্ণ?
ক এ বয়সে তাই নেই কোনো সংশয়
খ এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
গ তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি
ঘ এ বয়স কাঁপে বেদনায় থরোথরো

২৫. 'রাত যত গভীর হয় তত আগুন হয়ে ওঠে মাথা'— উক্তিটিতে মজিদ চরিত্রের কোন বিষয়টি ফুটে উঠেছে?
ক লালসা　খ প্রতিহিংসা
গ ঘৃণা　ঘ প্রতিশোধ

অন্যায়ের কাছে নত নয় শির
ভয়ে কাঁপে কাপুরুষ, লড়ে যায় বীর।

২৬. উদ্দীপকের যে বিষয়টি নাটকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ—
i. নবাবের বিশ্বস্ত বাহিনীর অন্যায়ের কাছে মাথা নত না করা
ii. বীরের কাপুরুষোচিত আচরণ
iii. বীরযোদ্ধারা বীরের মতোই লড়াই করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৭. 'বিড়াল' রচনায় আহারের অভাবে বিড়ালের কীরূপ দশা হয়েছে?
ক জিহ্বা ঝুলে পড়েছে　খ লোম ওঠে গেছে
গ স্বাস্থ্য ভগ্ন হয়েছে　ঘ মৃতপ্রায় হয়েছে

২৮. 'বরিয়া' শব্দটি অর্থ কী?
ক স্মরণ করা　খ বারণ করা
গ বরণ করে　ঘ স্মৃতি ঘনিষ্ঠ হওয়া

২৯. 'ঐকতান' কবিতায় কবি কীসের অপূর্ণতার কথা বলেছেন?
ক সুরের　খ গানের
গ জ্ঞানের　ঘ কবিতার

৩০. 'সেই অস্ত্র' কবিতাটিতে কবি বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা কীসের বিষবাষ্পকে অপসারণ করতে চেয়েছেন?
ক লোভের　খ ক্ষোভের
গ প্রতিহিংসার　ঘ বিদ্বেষের

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com